চাকরির খবর
Job Circular
CareerGuideBD
Education
INSTALL

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.cga.gov.bd



নং- ০৭.০৩.০০০০.০০২.১৭.১৩০.১৮-৩৩৯

তারিখঃ ১০-১২-১৪২৬বঃ / ২৪-০৩-২০২০খ্রিঃ

"নিয়োগ বিজ্ঞপ্তি"

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৭.০০.০০০০.০৮২.১১.০০২.১৮-৪৯৬, তারিখ: ০৩-১২-২০১৯খ্রিঃ এর মাধ্যমে শূন্য পদ পূরণের ছাড়পত্র প্রাপ্তির পরিপ্রেক্ষিতে হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় এবং এর আওতাধীন দপ্তরসমূহের জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৩তম গ্রেড হতে ২০তম গ্রেডভুক্ত নিম্নোক্ত স্থায়ীপদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য পদের পাশে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা এবং নিম্নবর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ছকে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	শূন্য পদের সংখ্যা	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
(১)	(২)	(৩)	(৪)	(৫)
০১.	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) টাকা ১১,০০০ - ২৬,৫৯০/-	০৮ (আট) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। (গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদি সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ এবং বাংলায় ২৫ শব্দ। (ঘ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৮০ এবং বাংলায় ৫০ শব্দ।	
০২.	ক্যাশিয়ার (গ্রেড-১৪) টাকা ১০,২০০ - ২৪,৬৮০/-	০১ (এক) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি। (খ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিংসহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। (গ) ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার ফিডেলিটি বন্ড (বিশ্বস্ততার চুক্তি বন্ড)।	
০৩.	কেয়ারটেকার (গ্রেড-১৪) টাকা ১০,২০০ - ২৪,৬৮০/-	০১ (এক) টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি।	
০৪.	সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) টাকা ১০,২০০ - ২৪,৬৮০/-	৪০ (চল্লিশ) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। (গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদি সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ এবং বাংলায় ২৫ শব্দ। (ঘ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ এবং বাংলায় ৪৫ শব্দ।	
০৫.	কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) টাকা ৯,৭০০ - ২২,৪৯০/-	৫৪৪ (পাঁচশত চুয়াল্লিশ) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। (গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদি সর্বনিম্ন গতি প্রতিমিনিটে ইংরেজিতে ২০ এবং বাংলায় ২০ শব্দ।	
০৬.	টেলিফোন অপারেটর (গ্রেড-১৬) টাকা ৯,৭০০ - ২২,৪৯০/-	০১ (এক) টি	কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ঢাকা জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে সকল জেলার এতিম, শারীরিক প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র কন্যার পুত্র-কন্যাগণ আবেদন করতে পারবেন।
০৭.	ড্রাইভার (গ্রেড-১৬) টাকা ৯,৭০০ - ২২,৪৯০/-	০১ (এক) টি	অষ্টম শ্রেণী উত্তীর্ণ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ উক্ত কাজে (০৩) তিন বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।	বরিশাল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে সকল জেলার এতিম, শারীরিক প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র কন্যার পুত্র-কন্যাগণ আবেদন করতে পারবেন।

০৮.	ফটোকপি অপারেটর (গ্রেড-১৮) টাকা ৮,৮০০ - ২১,৩১০/-	১৬ (ষোল) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) ফটোকপি মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।	শরিয়তপুর, ময়মনসিংহ, রাজশাহী, গাইবান্ধা, খুলনা, বরিশাল, হবিগঞ্জ জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে সকল জেলার এতিম, শারীরিক প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র কন্যার পুত্র-কন্যাগণ আবেদন করতে পারবেন।
০৯.	দপ্তরী (গ্রেড-১৯) টাকা ৮,৫০০ - ২০,৫৭০/-	০৬ (ছয়) টি	অষ্টম শ্রেণী উত্তীর্ণ।	গাজীপুর, জামালপুর, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, রাজশাহী, সিরাজগঞ্জ, গাইবান্ধা, বরিশাল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে সকল জেলার এতিম, শারীরিক প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র কন্যার পুত্র-কন্যাগণ আবেদন করতে পারবেন।
১০.	সর্টার (গ্রেড-১৯) টাকা ৮,৫০০ - ২০,৫৭০/-	২০ (বিশ) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।	মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, টাঙ্গাইল, জামালপুর, কক্সবাজার, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী, সিরাজগঞ্জ, নওগাঁ, বগুড়া, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, ঠাকুরগাঁও, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী, সুনামগঞ্জ জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে সকল জেলার এতিম, শারীরিক প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র কন্যার পুত্র-কন্যাগণ আবেদন করতে পারবেন।
১১.	নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০) টাকা ৮,২৫০ - ২০,০১০/-	১৩ (তের) টি	অষ্টম শ্রেণী উত্তীর্ণ।	চট্টগ্রাম, নোয়াখালী, পাবনা, সিরাজগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, মেহেরপুর, হবিগঞ্জ জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে সকল জেলার এতিম, শারীরিক প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র কন্যার পুত্র-কন্যাগণ আবেদন করতে পারবেন।

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নলিখিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ

১। ০১/০৩/২০২০খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমাঃ

(i) সকল প্রার্থীদের (মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) ক্ষেত্রে ১৮-৩০ বছর।

(ii) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ১৮-৩২ বছর।

(iii) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে ১৮-৩০ বছর।

(iv) বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি সংশোধন সম্পর্কিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ০৪/১০/২০১৮খ্রিঃ তারিখের পরিপত্র নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০৭.১৮.২৭৬ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

৩। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আবেদন করতে হবে। অনুমতির কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৪। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫। চাকরিতে নিয়োগ প্রাপ্তদের বাংলাদেশের যে কোন জায়গায় অবস্থিত হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের নিয়ন্ত্রণাধীন যে কোন কার্যালয়ে পদস্থাপন করা হবে।

৬। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

৭। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলিঃ

(ক) এই বিজ্ঞপ্তির অধীনে পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://cga.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(i) online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান আরম্ভের তারিখ ও সময়ঃ ০৫/০৪/২০২০খ্রিঃ সকল: ১০:০০ ঘটিকা।

(ii) online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ০৫/০৫/২০২০খ্রিঃ বিকাল: ০৫:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) যেহেতু online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা (সংশ্লিষ্ট সনদ মোতাবেক) সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঘ) প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Applicant's Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit কারী প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে বর্ণিত ক্রমিক নং- ১ থেকে ৭ পর্যন্ত পদের জন্য মোট ১১২/- টাকা (একশত বার) [পরীক্ষার ফি ১০০/- টাকা এবং টেলিটক এর সার্ভিস চার্জ ১২/- টাকা] এবং ক্রমিক নং- ৮ থেকে ১১ পর্যন্ত পদের জন্য মোট ৫৬/-টাকা (ছাপ্পান্ন) [পরীক্ষার ফি ৫০/- টাকা এবং টেলিটক এর সার্ভিস চার্জ ৬/- টাকা] অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য, "*online*-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"**

প্রথম **SMS**: CGA<space> User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example : **CGA ABCDEF**
Reply : Applicant's Name, TK. 112/- for serial no: 1 to 7 and TK. 56/- for serial no: 8 to 11 will be charged as application fee. Your PIN is XXXXXX.
দ্বিতীয় SMS: **CGA**<space> **Yes** <space> **PIN** লিখে send করতে হবে **16222** নম্বরে।
Example: **CGA Yes XXXXXX**
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for CGA Application for post xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxxxxx).
দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এ Password পাবেন। এই **Password টি Admit Card (প্রবেশপত্র) download এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।**

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://cga.teletalk.com.bd ওয়েবসাইটে অথবা হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের website: www.cga.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করার মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়েও অবশ্যই প্রদর্শন করবেন। **Admit Card (প্রবেশপত্র) download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।**

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে CGA<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: CGA Help User ABCDEF & Send to 16222.
(ii) PIN Number জানা থাকলে CGA<space>Help<space>PIN No & Send to 16222.
Example: CGA Help PIN 12345678 & Send to 16222.

৯। প্রার্থীর যোগ্যতা যাচাইঃ

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে যে কোনো পর্যায়ে যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(খ) মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি প্রদর্শন করতে হবে এবং ন্যূনপক্ষে ৯ম গ্রেডভুক্ত গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবেঃ

(i) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।
(ii) প্রার্থী যে ইউনিয়ন পরিষদ/পৌরসভার বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
(iii) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত সনদপত্রের কপি।
(iv) ন্যূনপক্ষে ৯ম গ্রেডভুক্ত গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(v) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।
(vi) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy) এবং প্রবেশপত্রের কপি।

(vii) সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র।

(viii) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যাদের ক্ষেত্রে বয়স অনুর্ধ্ব ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। কোনো প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং পুত্র/কন্যাদের পুত্র/কন্যা হিসেবে আবেদনপত্রে উল্লেখ করলে সে ক্ষেত্রে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯/০৬/২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ দাখিল করতে হবে।

(viii) ক. মুক্তিযোদ্ধার নাম সম্বলিত "লাল মুক্তিবার্তা" অথবা "ভারতীয় তালিকা'র সত্যায়িত কপি এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশিত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সম্বলিত তালিকা এবং আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকা" অথবা উপস্থাপিত উভয় তালিকার সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

(viii) খ. কোনো মুক্তিযোদ্ধার নাম "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকা"য় না থাকলে প্রার্থীকে মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সম্বলিত

(viii) খ. i. গেজেট ও সাময়িক সনদ

অথবা

(viii) খ. ii. গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) কর্তৃক প্রদত্ত সনদ

অথবা

(viii) খ. iii. গেজেট, সাময়িক সনদ, ও বামুস সনদ

এর কপি প্রার্থীর উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত গেজেট ও সাময়িক সনদ/গেজেট ও বামুস সনদ/গেজেট ও সাময়িক সনদ ও বামুস সনদ এর সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

(viii) গ. আবেদনকারী মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং পুত্র/কন্যাদের পুত্র/কন্যা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক জারীকৃত প্রার্থীর নাম এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার নাম উল্লেখসহ মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের সুস্পষ্ট প্রত্যয়ন থাকতে হবে।

(ix) সমাজ কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সংক্রান্ত সনদ প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

(x) বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশী বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে।

(গ) যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। যে কোনো রকম তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১১। হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের নিয়োগ বিজ্ঞপ্তি, online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য http://cga.teletalk.com.bd ও www.cga.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

১২। online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নাম্বার থেকে ১২১ অথবা যে কোন অপারেটর থেকে 01500121121 নাম্বারে কল করা যাবে। এছাড়া, vas.query@teletalk.com.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। অবশ্যই

(মেইল এর Subject এ Organization Name 'CGA', Post Name*****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(মোঃ আনিছুর রহমান)
অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি